৩১

দৈনিক খবর

তারিখ 06 JUL 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৪.২৩ কোটি টাকার বাজেট পেশ

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৫ই জুলাই (নাজনীন আক্তার)।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিনান্স কমিটির বিশেষ সভায় গত ২৯ জুন বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ১৯৯৩–৯৪ সনের চাহিদা বরাদ্দ ৩১·১৪৭৩ কোটি টাকার বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) কর্তৃক স্থিরীকৃত সিলিং অনুযায়ী ২৪·২৩ কোটি টাকার মূল বরাদ্দ অনুমোদনের জন্য সিন্ডিকেটের নিকট সুপারিশ রাখা হয়।

ভাইস-চ্যান্সেলর প্রফেসর মুহাম্মদ আশরাফ আলী খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বিশেষ সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ফিনান্স কমিটি'র সচিব আলহাজ্ব মোঃ জিয়াউল ইসলাম ১৯৯৩–৯৪ সনের মূল বাজেট এবং ১৯৯২–৯৩ সনের সংশোধিত বাজেট উপস্থাপন করেন।

১৯৯২–৯৩ সনের সংশোধিত চাহিদা বরাদ্দ হিসেবে বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত ২৭·৬৯৪ কোটি টাকার বিপরীতে বিমক কর্তৃক স্থিরীকৃত সিলিং অনুসরণে ২৪·২৫ কোটি টাকার বাজেটও অনুমোদনের জন্য সভায় সুপারিশ রাখা হয়। উল্লেখ্য যে, ন্যূনতম চাহিদার প্রেক্ষিতে সংশোধিত পুনর্বিন্যস্ত বাজেট ঘাটতির সম্মুখীন। ফিনান্স কমিটির সভায় এই মর্মে অভিমত ব্যক্ত করা হয় যে, উভয় বাজেটই বিশ্ববিদ্যালয়ের চাহিদা ও প্রয়োজন অনুযায়ী নেহায়েত অপ্রতুল। ফলে আগামী অর্থ বছরের (১৯৯৩–৯৪) সংশোধিত বাজেটের সিলিং বিমক কর্তৃক বাড়ানো না হলে ঘাটতির সমূহ সম্ভাবনা দেখা দিবে। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ আয় বৃদ্ধির পাশাপাশি ব্যয়ভার সীমিত রাখার লক্ষ্যে সভায় কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।